67

দৈনিক বাংলা

তারিখ ... 16 SEP 1996 ...
পৃষ্ঠা : ৭ কলাম ১

### ছাত্র না হলে কোন সংগঠনের নেতা হলে থাকতে পারবেন না

# ছাত্রলীগ ও ছাত্রদল সন্ত্রাসীদের তালিকা জমা দিয়েছে ঃ আজ থেকে তদন্ত

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ** ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে সন্ত্রাস সৃষ্টিকারীদের তালিকা কর্তৃপক্ষের নিকট জমা দিয়েছে ছাত্রলীগ (শা–পা) ও ছাত্রদল।

রোববার সন্ধ্যায় ছাত্র নেতৃবৃন্দের সঙ্গে এক বৈঠকে ভারপ্রাপ্ত ভাইস চ্যান্সেলর এই তালিকা পাওয়ার কথা স্বীকার করে বলেন, এই তালিকা চূড়ান্ত নয়। ক্যাম্পাসে সন্ত্রাস সৃষ্টিকারীদের তালিকা গ্রহণ অব্যাহত থাকবে। তবে তিনি সন্ত্রাস সৃষ্টিকারীদের তালিকায় কারা আছে তা কাউকে জানাতে চাননি।

জানা গেছে, দুটি ছাত্রসংগঠন থেকে যেসব নাম এসেছে তা শুধু ভিসি ও প্রক্টর দেখেছেন। সভা সূত্রে জানা গেছে, যাদের নাম জমা দেয়া হয়েছে তাদের মধ্যে বেশ কিছু ছাত্র রয়েছে তাদের সম্পর্কে খোঁজখবর নিয়ে বিশ্ববিদ্যালয়ের ডিসিপ্লিন বোর্ড সিদ্ধান্ত নেবে। যারা ছাত্র নয়, তাদের বিরুদ্ধে প্রশাসনকে ব্যবস্থা গ্রহণের জন্য ভার্সিটি কর্তৃপক্ষ জানাবেন।

সূত্র জানান, সভায় আরও যে সকল সিদ্ধান্ত গ্রহণ করা হয় সেগুলোর মধ্যে রয়েছে–কোন ছাত্রসংগঠনের নেতা যদি ছাত্র না হন, তবে তিনি হলে থাকতে পারবেন না এবং হল প্রশাসনের কোন সভায়ও তিনি যোগ দিতে পারবেন না। ক্যাম্পাসে সন্ত্রাস সৃষ্টিকারীদের নাম সকল ছাত্র সংগঠনই কর্তৃপক্ষের নিকট জমা দিতে পারবেন। কর্তৃপক্ষ তদন্ত সাপেক্ষে সংশ্লিষ্টদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করবেন।

গতকাল যাদের নাম জমা পড়েছে তাদের বিরুদ্ধে তদন্ত আজ থেকে শুরু হবে। কতগুলো নাম জমা পড়েছে তার সঠিক হিসাব জানা যায়নি। তবে সব মিলিয়ে ৩০ জন হবে বলে একজন ছাত্র নেতা জানান।

সভায় ছাত্রদলের পক্ষ থেকে স্যার এফ রহমান হল, ও মুহসিন হলে তাদের কিছু কর্মী উঠতে পারছে না বলে জানানো হয়। ভিসি আজ এব্যাপারে ঐদুটি হলের প্রভোস্টদের সঙ্গে আলোচনা করে ছাত্রদের হলে উঠানো হবে বলে আশ্বাস প্রদান করেন।

সভায় ছাত্রলীগের মাহাবুবুল হক শাকিল, অজয়কর খোকন, মোঃ রফিকুল ইসলাম, ছাত্রদলের আবুল খালেক, হাবিবুন্নবী সোহেল, শাহাবুদ্দীন নান্টু, এ বি এম মোশাররফ হোসেন, মনির হোসেন, ছাত্রঐক্যের নুরুল ইসলাম, আসলাম খান, ওবায়দুর রহমান চুন্নু প্রমুখ উপস্থিত ছিলেন।